

2 0 1 9

ELECTIVE BENGALI

Paper : 6.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

‘রবীন্দ্রনাথ-১’ অথবা ‘রবীন্দ্রনাথ-২’ থেকে প্রশ্নের উত্তর লিখতে হবে।

(রবীন্দ্রনাথ-১)

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

- (ক) ‘রাজা’ নাটকে সুদর্শনার সঙ্গে সুরঙ্গমার সম্পর্ক কী ?
- (খ) “‘প্রেমের মধ্যে ভয় না থাকলে তার রস হালকা হয়ে যায়।”
বক্তা কে ?
- (গ) বসন্ত উৎসবে রানি সুদর্শনা কাকে পুষ্পমালা
পাঠিয়েছিলেন ?
- (ঘ) সুদর্শনার পিতা কে ?
- (ঙ) শূন্যস্থান পূর্ণ করো :
“আমার রাজার ধ্বজায় _____ মাঝখানে বজ্র আঁকা।”

- (চ) অনাথপিণ্ড কে ?
- (ছ) 'ব্রাহ্মণ' কবিতায় কোন মুনির আশ্রমের কথা বলা হয়েছে ?
- (জ) শূন্যস্থান পূর্ণ করো :
“কঠে খেলিতেছে সাতটি সুর সাতটি যেন _____।”
- (ঝ) 'দেবতার গ্রাস' কবিতায় রাখাল তার মাসির কাছে মানুষ হয়েছিল কেন ?
- (ঞ) “সন্ন্যাসী-গায়ে পড়িতে চরণ থামিল বাসবদত্তা ॥”
কোন কবিতার অন্তর্গত ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

- (ক) “তুমি সুন্দর নও, প্রভু, সুন্দর নও, তুমি অনুপম।”
‘রাজা’ নাটকে কে, কাকে এই কথা বলেছেন ?
- (খ) ‘রাজা’ নাটকে স্বয়ম্বরসভায় যে সমস্ত রাজগণ আমন্ত্রিত হয়েছিলেন তাঁদের যে কোনো দুজনের নাম উল্লেখ করো।
- (গ) “দেহো ভিক্ষা মোরে, করো নিদ্রা দূর।”
কে, কার কাছে ভিক্ষা চাইছেন ?

- (ঘ) ‘পূজারিনি’ কবিতায় পূজারিনির নাম কী ? সে কি করেছিল ?
- (ঙ) “নাবালক ছেলোটর কী করিবে তবে ?”
কে, কার প্রতি এই উক্তি করেছেন ?

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

- (ক) ‘রাজা’ নাটকের সুরঙ্গমা চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।
- (খ) “রাজা। ভয় নেই, তোমার ভয় নেই। আগুন এ ঘরে এসে পৌঁছবে না।” ‘অন্ধকার কক্ষ’-এ রাজা-রানির সাক্ষাতের দৃশ্যটি বর্ণনা করো।

অথবা

- (গ) “নারী যখন আপন প্রতিষ্ঠা থেকে ভ্রষ্ট হয় তখন সংসারে সে ভয়ংকর বিপদ হয়ে দেখা দেয়।” কে, কোন প্রসঙ্গে একথা বলেছেন, আলোচনা করো।
- (ঘ) ‘ব্রাহ্মণ’ কবিতা অবলম্বনে সত্যকামের সত্যনিষ্ঠার পরিচয় দাও।

অথবা

- (ঙ) “একাকী গায়কের নহে তো গান, মিলিতে হবে দুইজন; গাহিবে একজন খুলিয়া গলা, আরেকজন গাবে মনে।”
তাৎপর্য নির্ণয় করো।
- (চ) টীকা লেখো : শ্রীমতী অথবা বাসবদত্তা।

(4)

৪। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- (ক) ঠাকুরদা চরিত্রটি বিশ্লেষণ করো এবং নাটকটিতে এই চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।
- (খ) 'রাজা' নাটকের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো।
- (গ) রবীন্দ্রনাথের নাট্যপ্রতিভা 'রাজা' নাটকে কতখানি প্রতিফলিত হয়েছে, উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো।
- (ঘ) 'রাজা' নাটকের যে কোনো দুটি অপ্রধান চরিত্র উদাহরণ সহযোগে বিশ্লেষণ করো।

৫। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো : ১০×২=২০

- (ক) 'শ্রেষ্ঠ ভিক্ষা' কবিতার নামকরণের তাৎপর্য নির্ণয় করো।
- (খ) 'গানভঙ্গ' কবিতার মূল বিষয়বস্তু আলোচনা করো।
- (গ) 'অভিসার' কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের কবি-হৃদয়ের পরিচয় তুলে ধরো।
- (ঘ) 'কথা ও কাহিনী'-তে রবীন্দ্রনাথের কবিমনের বিস্তারিত কতখানি আকর্ষক হয়ে উঠেছে, পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করো।

(5)

(রবীন্দ্রনাথ-২)

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

- (ক) 'নিশীথে' গল্পের জমিদারবাবুর নাম কী?
- (খ) 'আপদ' গল্পে যে বাগানবাড়িতে শরৎবাবুরা ছিলেন, সেটি কোথায় অবস্থিত?
- (গ) বিনোদবাবুদের বাড়িতে 'প্রতিহিংসা' গল্পের ইন্দ্রাণী কেন গিয়েছিল?
- (ঘ) চারুশর্মা কে?
- (ঙ) 'রাজতীকা' গল্পের নবেন্দ্রশেখরের যে কোনো একজন শ্যালীর নাম লেখো।
- (চ) লাবণ্যর বাবার নাম কী?
- (ছ) শূন্যস্থান পূর্ণ করো :
"পথ বেঁধে দিল _____ গ্রছি
আমরা দুজন চলতি হাওয়ার পল্লী।"
- (জ) শিলঙ পাহাড়ের দেওদার গাছের নীচে বসে অমিত কী বই পড়ছিল? ('শেষের কবিতা')
- (ঝ) 'শেষের কবিতা' উপন্যাসের কবিতাগুলিতে একাধিক ফুলের নাম আছে। যে কোনো একটি ফুলের নাম লেখো।
- (ঞ) কেটি মিত্রর আসল নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) 'স্বী হাসিয়া কহিলেন, "সে বুঝি হাসি?....."
কার প্রতি এই উক্তি করা হয়েছে? এই হাসি প্রকৃতপক্ষে
কীসের শব্দ?
- (খ) নীলকান্তের ধারণামতে পৃথিবীতে মানবজন্ম কয়ভাগে বিভক্ত
এবং কী কী?
- (গ) "তাঁর আরও চারটি ছেলে এবং তিনটি মেয়ে আছে।"
কে, কাকে এই উক্তি করেছেন?
- (ঘ) 'শেষের কবিতা'-র অমিত রায়ের মতে 'বিদ্যে' আর
'কালচার' কাকে বলে?
- (ঙ) অমিতের দুই বোনের নাম কী?

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'নিশীথে' গল্পে যে ঘটনাটি বর্ণিত আছে তা সংক্ষেপে তুলে
ধরো।
- (খ) 'প্রতিহিংসা' গল্পের নয়নতারা চরিত্রটি বিশ্লেষণ করো।
অথবা
- (গ) 'অতিথি' গল্পের তারাপদ চরিত্রটির বৈশিষ্ট্যগুলো দু-চারটি
উদাহরণ সহযোগে বিবৃত করো।
- (ঘ) 'শেষের কবিতা' উপন্যাসের অমিত চরিত্রটি সংক্ষেপে
বিশ্লেষণ করো।

- (ঙ) 'শেষের কবিতা' উপন্যাসের কাব্যিক উপাদান নিয়ে অতি
সংক্ষেপে লেখো।

অথবা

- (চ) রবীন্দ্রনাথের উপন্যাসিক প্রতিভার বিকাশ 'শেষের কবিতা'
উপন্যাসে কীরূপ প্রতিফলিত হয়েছে, যে কোনো একটি
পরিচ্ছেদ আলোচনা করে বোঝাও।

৪। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) অতিপ্রাকৃত রসের গল্প হিসাবে 'নিশীথে' গল্পের সার্থকতা
নিরূপণ করো।
- (খ) পাঠ্য যে কোনো একটি গল্প অবলম্বনে রবীন্দ্রনাথের
ছোটগল্পের বৈশিষ্ট্যগুলো তুলে ধরো।
অথবা
- (গ) 'অতিথি' গল্পের তারাপদ এবং 'আপদ' গল্পের নীলকান্তের
মধ্যে উদাহরণসহ একটি তুলনামূলক বিশ্লেষণ করো।

৫। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) 'শেষের কবিতা' উপন্যাসের শোভনলাল অথবা যোগমায়া
চরিত্রটি বিশ্লেষণ করে উপন্যাসে তার গুরুত্ব কতখানি, তা
পরিমাপ করো।
- (খ) রবীন্দ্রনাথ বিরচিত জোমাদের পাঠ্য উপন্যাসটি থেকে
কয়েকটি অপ্রধান চরিত্র নিয়ে আলোচনা করো।
অথবা
- (গ) 'শেষের কবিতা' উপন্যাসের পরিণতি নিয়ে আলোচনা
করো।
